গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫
www.dhakacollege.edu.bd

তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রি.।

# একাদশ শ্রেণিতে ২য় ধাপে ভর্তি বিজ্ঞপ্তি

**শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭**

**Dhaka College EIIN: 107977**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ভর্তি নীতিমালা ২০২৬-২০২৭ অনুযায়ী ঢাকা কলেজে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখায় আসন খালী থাকায় ২য় ধাপে ছাত্র ভর্তি করা হবে। যে কোন শিক্ষা বোর্ড হতে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ, নিম্নের ছকে উল্লিখিত বিভাগ অনুসারে ন্যূনতম জিপিএ প্রাপ্ত ছাত্ররা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

| বিভাগ | ভার্সন | ন্যূনতম জিপিএ |
|---|---|---|
| বিজ্ঞান | বাংলা | ৫.০০ |
| ব্যবসায় শিক্ষা | বাংলা | ৪.৭৫ |
| মানবিক | বাংলা | ৪.৫০ |

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে Online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিকেলেশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;

৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

২৭/০৯/২০২৬ থেকে ২৮/০৯/২০২৬ তারিখ রাত ৮:০০ টার মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন করা যাবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd। এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারিত হবে।

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ | ২৭/০৯/২০২৬ (রবিবার) থেকে ২৮/০৯/২০২৬ (সোমবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | ২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা) |
| ৩ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৩/১০/২০২৬ (শনিবার রাত ৮:০০ টা) |
| ৪ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশন ফল প্রকাশ | ০৪/১০/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা) |
| ৫ | ভর্তি | ০৫/১০/২০২৬ (সোমবার) থেকে ০৭/১০/২০২৬ (বুধবার) |

বিঃদ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি ২২০/- টাকা জমা দিতে হবে না। এ ধরনের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা দেয়ার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

(অধ্যাপক এ কে এম ইলিয়াস)
আইডি নং-০১০৪
অধ্যক্ষ
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫
ফোন: ০২-৯৬১৩৫৫৯
E-mail: dhakacollegeprincipal@gmail.com

24.09.26
(অধ্যাপক বিথিয়া সঙ্গিতা সমাদ্দার)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭)
ও
বিভাগীয় প্রধান, উদ্ভিদবিজ্ঞান বিভাগ
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫